গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.১৫২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯
০৬ এপ্রিল ২০২৩

বিষয়: **অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

৯-৪-২০২৩
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.১৫২/১(৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯
০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, সমন্বয় ও আইন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২) উপসচিব, সমন্বয় ও আইন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৯-৪-২০২৩
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

## মাসের নাম: মার্চ/২০২৩

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | - | - | - | - | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ৭ | ৭ | ৭ | ০১। অভিযোগকারী : নাম প্রকাশে অনিচ্ছুক এবং তার মোবাইল নম্বর উল্লেখ নাই। অভিযোগকারীর অভিযোগ আবাসিক প্রশিক্ষণ সংক্রান্ত, তবে অস্পষ্ট।<br>সংশ্লিষ্ট অভিযোগকারীর নাম, ঠিকানা বিহীন মোবাইল নম্বর নাই। অভিযোগের বিষয় অস্পষ্ট, বর্ণিত কারণে অভিযোগটি নিষ্পত্তিকৃত হিসাবে বিবেচনাযোগ্য।<br>০২। অভিযোগকারী জনাব ওসমান গনি পারভেজ, (মোবাইল নং ০১৭৩০৯১৩০৫৭) যুব উন্নয়ন অধিদপ্তরের যানবাহন চালনা প্রশিক্ষণে অনলাইনে আবেদন করতে না পাওয়ার অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)<br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব ওসমান গনি পারভেজ এর সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তিনি জানিয়েছেন তার নিজ জেলা কুমিল্লা এবং বর্তমানে তিনি সেখানে বসবাস করছেন। জনাব ওসমান গনি পারভেজকে জানানো হয়েছে যে, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পে আবেদন করতে হলে ওয়েব সাইট থেকে ফরম ডাউনলোড করে তা স্বহস্তে পূরণপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে জমা দিয়ে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হয়। অনলাইনে ফরম পূরণপূর্বক মোবাইল ফোনে ভেরিফিকেশন কোড পাবার অপশন নাই। উপপরিচালক, কুমিল্লা জেলা, যুব উন্নয়ন অধিদপ্তরে যোগাযোগ করে তাকে ভর্তি সংশ্লিষ্ট তথ্যাদি সম্পর্কে বিস্তারিত জানতে অনুরোধ করা হয়েছে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br>০৩। অভিযোগকারী জনাব সঞ্চিতা সরকার, (মোবাইল নং ০১৭৮৪৩০২৭৬১) নিয়োগ পরীক্ষা (লিখিত) অনিবার্য কারণবশত যুব উন্নয়নের সমস্ত পরীক্ষাগুলো স্থগিত করার বিষয়ে অভিযোগ করেছেন। (প্রশাসন সংক্রান্ত)<br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব সঞ্চিতা সরকার নিয়োগ পরীক্ষা (লিখিত) অনিবার্য কারণবশত যুব উন্নয়ন অধিদপ্তরের সমস্ত পরীক্ষাগুলো স্থগিত করার বিষয়ে তার সাথে টেলিফোনযোগে কথা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট নিয়োগ পরীক্ষা (লিখিত) গ্রহণের ও পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্থগিতকৃত পরীক্ষা গ্রহণ করা হবে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br>০৪। অভিযোগকারী: নাম প্রকাশে অনিচ্ছুক এবং মোবাইল নম্বর কোনটাই উল্লেখ নাই। অনারিয়ামের টাকা না পাওয়ার বিষয়ে অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালক, কুড়িগ্রাম জেলা, যুব উন্নয়ন অধিদপ্তর এর সঙ্গে কথা হয়েছে। তিনি জানিয়েছেন, পঞ্চম ব্যাচের টাকা প্রদানের তারিখ ২৮/০৩/২০২৩ খ্রি.। তিনি আরো জানান, প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের ভাতার টাকা নিয়ে চলে যান। এরপর তাদেরকে বিআরটিএ'র পেশাদার লাইসেন্স এর পরীক্ষার জন্য যোগাযোগ করেও উপস্থিত করানো যায় না। ফলে প্রকল্পের যে লক্ষ্য অর্থাৎ দক্ষ গাড়িচালক তৈরি, তা ব্যাহত হচ্ছে। এ জন্য পেশাদার লাইসেন্স পরীক্ষার পর প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br>০৫। অভিযোগকারী: জনাব মোঃ মহসিন আলী, মোবাইল নম্বর: ০১৭৫৩২৯৮২২৯, যুব উন্নয়ন অধিদপ্তরের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ এর প্রশিক্ষক হিসাবে সম্মানী ভাতা ৪৫০০টাকার স্থলে ২০০০ টাকা কম পাওয়া প্রসঙ্গে। (প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারীর সাথে টেলিফোনযোগে যোগাযোগ করা হলে তিনি জানান, তাকে স্বাক্ষরিত ভাউচারের তুলনায় কম টাকা পরিশোধ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার (পার্বতীপুর) সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, স্বাক্ষরিত ভাউচার অনুযায়ীই সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। পুনরায় এ বিষয়ে অভিযোগকারী জনাব মোঃ মহসিন আলীর সাথে যোগাযোগ করে বিষয়টি জানালে, তিনি জানান, মূলত: পারস্পরিক ভুল বুঝাবুঝি থেকে তিনি এ অভিযোগটি দাখিল করেছে। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।<br>০৬। অভিযোগকারী: মোছা: জরিনা আক্তার, মোবাইল নং- ০১৯৩৬২৬৮১৬৬, যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে জিজ্ঞাসা বক্সে ক্লিক করলে একটা কোড আসে তার পরে সেই কোড মিলানো যায় না কেন? (আইসিটি সেল)<br>অভিযোগকারী নেত্রকোনা সদর উপজেলার বাসিন্দা। অধিদপ্তরের ওয়েবসাইটে জিজ্ঞাসা বক্সটি থাকলেও সেটি অদ্যাবধি এ্যাকটিভিটেড হয়নি। জরিনা আক্তারের সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, যুব প্রশিক্ষণে ভর্তি সংক্রান্ত বিষয় জানতে চান তিনি। তাঁকে স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তর এর জেলা ও উপজেলা কার্যালয়ে এ বিষয়ে যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করা হয়। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।<br>০৭। অভিযোগকারী: জনাব সাফায়েত হোসেন, মোবাইল নং- ০১৫৯৫৪৪৭৮১৯, ৬ মাস মেয়াদী বেসিক কম্পিউটার ট্রেনিং কোর্সে অনলাইনে আবেদন করতে না পারার অভিযোগ করেছেন। (যুব প্রশিক্ষণ সংক্রান্ত)<br>সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে জনাব সাফায়েত হোসেন-এর সাথে টেলিফোনে যোগে কথা হয়। তিনি যে ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক তা যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৬ মাস মেয়াদী বেসিক কম্পিউটার ট্রেনিং কোর্স। তিনি সাভার, ঢাকা এলাকার বাসিন্দা। উক্ত ট্রেনিং কোর্সে অনলাইনে আবেদন করতে Username & Password দিলে Login হয় না। অভিযোগটি প্রেরণের পর পরবর্তীতে Login করতে পেরেছে। তাঁকে সাভার উপজেলা অফিস ও ঢাকা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগের পরামর্শ প্রদান করা হয়েছে। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য। | - | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | - | - | - | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |